চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি - ১)

বর্জ্য ব্যবস্থাপনা ও সুপেয় পানি সরবরাহে ফ্রান্সের সহযোগিতা চাইলেন মেয়র

চট্টগ্রাম- ৩১ মার্চ ২০২১

বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত মিঃ জিন মারিন সাসুহ্ আজ সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর সাথে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনে তাঁর অফিস কক্ষে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এই সময় মেয়র মহোদয় ফ্রান্সের রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে বলেন, মহান মুক্তিযুদ্ধে ইউরোপীয় দেশগুলো আমাদের পাশে ছিল এবং তারা আমাদের সমর্থন ও কূটনৈতিক সহায়তা যোগান দেয়। বর্তমানে বাংলাদেশের চলমান টেকসই উন্নয়ন কর্মকান্ডেও তাদের বহুমাত্রিক সহয়তা আন্তঃদেশীয় বন্ধুত্বের বন্ধনকে সুদৃঢ় করেছে। তিনি অতিথিকে অবগত করেন যে, চট্টগ্রামকে ঘিরে অর্থনৈতিক শ্রীবৃদ্ধির নতুন নতুন সম্ভাবনার দ্বার খুলে গেছে। চট্টগ্রাম পৃথিবীর অন্যতম প্রাকৃতিক বন্দর এবং প্রাচ্য-প্রতীচ্য-পাশ্চাত্যের প্রবেশ দুয়র। বৃহত্তর চট্টগ্রামে একই সাথে অনেকগুলো মেগাপ্রকল্প বাস্তবায়নের পথে। ফলে চট্টগ্রাম বহুমাত্রিক বিদেশি বিনিয়োগের উর্বর ভূমি হিসেবে এখন বিশ্ব সমাদৃত। তিনি সিটি কর্পোরেশেনের বর্জ্য ব্যবস্থাপনায় ফ্রান্সের সহযোগিতা করে বলেন, ফ্রান্সের মত দেশের উন্নত প্রযুক্তির সাথে সম্পক্ত হওয়া গেলে একটি ইতিবাচক পরিবর্তন আনা সম্ভব হবে। তাই এই বিষয়টিকে অগ্রাধিকার দিয়ে প্রক্লপ বাস্তবায়নের জন্য ফ্রান্সের রাষ্ট্রদূতকে তিনি আহ্বান জানান। তিনি আরো বলেন, দীর্ঘ ৫৫ বছর ধরে অলিয়স ফ্রসেঁস ঢাকা ও চট্টগ্রামে দুটি কেন্দ্র থেকে সাহিত্য ও সংস্কৃতি ক্ষেত্রে যে ধরণের কার্যক্রম পরিচালনা করে আসছে তাতে দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে যথেষ্ট প্রভাব ফেলেছে। তাই আমাদের দু দেশের সাহিত্য-সংস্কৃতির ভাবনা চিন্তার আদান প্রদানে অলিয়স ফ্রসেঁস একটি গুরুত্বপূর্ণ অবলম্বন। ফ্রান্সের রাষ্ট্রদূত মেয়রকে চট্টগ্রামকে নিয়ে তাঁর মুগ্ধতার কথা ব্যক্ত করে বলেন, চট্টগ্রামের সম্ভাব্যতার বিষয়টি অবশ্যই আমাদের সরকার মূল্যায়ন করে। আমরা ইতিমধ্যে ঢাকায় সুপেয় পানি সরবরাহে একটি প্রকল্প বাস্তবায়ন করে যে সফলতা পেতে যাচ্ছি তার ধারাবাহিকতা রক্ষাকল্পে চট্টগ্রাম নগরীতেও একই ধরণের পদক্ষেপ নেয়া হয়েছে। তিনি আরো জানান চট্টগ্রামের বৈশ্বিক গুরুত্বের কথা বিবেচনা করে আমাদের সরকারকে এখানে বিনিয়োগ করতে কতটুকু এবং কিভাবে আগ্রহী করা যায় সেজন্য প্রয়োজনীয় কূটনৈতিক প্রয়াস অব্যাহত রাখতে সচেষ্ট হবো। চট্টগ্রামে যেহেতু আন্তজার্তিক আর্থ-সামাজিক উন্নয়নের নতুন সংযুক্তি সেহেতু পর্যটন, স্বাস্থ্য, শিক্ষা সহ আইটি খাতে বৈশ্বিক বিনিয়োগে একটি অনুকুল পরিবেশ নিশ্চিত হলে ফ্রান্স অবশ্যই সাড়া দেবে। এতেই বাংলাদেশ-ফ্রান্স মৈত্রী সুদৃঢ় হবে। এ সময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আখতার চৌধুরী , ডাঃ মোহাম্মদ আলী, অলিয়স ফ্রসেঁস পরিচালক ড. সেলভাম তোরেজ ও ড. গুরুপদ চক্রবর্ত্তী প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

সিটি মেয়রের সাথে চসিক ঠিকাদারদের বৈঠক

চট্টগ্রাম-৩১ মার্চ ২০২১খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীর উন্নয়নের সাথে ঠিকাদাররা সরাসরি জড়িত। একজন ঠিকাদারের সততা, স্বচ্ছতা ও আন্তরিকতা না থাকলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উন্নয়ন কাজ করা সম্ভব নয়। ঠিকাদারদের সাথে প্রতিষ্ঠানের সমন্বয় না থাকলে মানসম্মত কাজ ও হয়না। তিনি বলেন, এই শহর আপনার, এই নগরীকে সুন্দর ও নান্দনিকভাবে গড়ে তোলা প্রত্যেক ঠিকাদারের নৈতিক দায়িত্ব। মেয়র বলেন, ব্যবসা করতে গিয়ে ঠিকাদাররা ব্যক্তি স্বার্থের কথা চিন্তা করে কাজ করলে উন্নয়ন কাজ এগিয়ে নেয়া সম্ভব নয়। ঠিকাদাররা আন্তরিকতার সাথে এগিয়ে আসলে আমার পক্ষ থেকে আন্তরিকতার অভাব থাকবে না। মেয়র প্রসঙ্গক্রমে আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শূন্য হাতে দেশের দায়িত্বভার গ্রহন করে আজ দেশকে বিশ্বের রোল মডেলে পরিণত করেছেন, আমারও প্রচেষ্টা থাকবে সিটি কর্পোরেশনের আয়বৃদ্ধির জন্য আয়বর্দ্ধক প্রকল্প গ্রহণ করে সিটি কর্পোরেশনকে একটি শক্ত ভিত্তির উপর দাঁড় করানো এবং সুন্দর নান্দনিক ও বাসযোগ্য নিরাপদ আধুনিক নগর হিসাবে গড়ে তোলা। তিনি এই ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ঠিকাদার সমিতির পক্ষে যে ৬টি প্রস্তাবণা পেশ করা হয়েছে তার যৌক্তিতা বিবেচনা করে ব্যবস্থা নেবেন বলে আশ্বাস প্রদান করেন। এসময় উপস্থিত ছিলেন সমিতির সভাপতি সৈয়দ মাহামুদুল হক, সাধারণ সম্পাদক আবু ফরহাদ সাবু, সহ-সভাপতি মোঃ শামমুল আলম, আবুল কালাম, আবদুল্লাহ আল মামুন চৌধুরী, যুগ্ম সাধারণ সম্পাদক সালাউদ্দীন, রেজাউল করিম সিদ্দিকী শাহিন, সাংগঠনিক সম্পাদক মোঃ নেছার আহমেদ, শাহ সেলিম খালেদ,আসহাব রসুল জাহেদ, এ.কে.এম বখতেয়ার, মোঃ আতিকুল্লাহ, ফরিদ উদ্দীন ফরহাদ, এস.এম তৌহিদুল হক, ইফতেখার হোসেন বাবু , নাসির তালুকদার, মোঃ ইসমাইল, মোঃ আমির উদ্দীন, মোঃ হান্নান, মোঃ বেলাল হোসেন প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি - ১)

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়রের সাথে ইনস্টিটিউট অব আর্কিটেক্টস চট্টগ্রাম প্রতিনিধি দলের সাক্ষাৎ

চট্টগ্রাম- ৩১ মার্চ ২০২১

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোঃ রেজাউল করিম চৌধুরীর সাথে আর্কিটেক্টস চট্টগ্রাম এর চেয়ারম্যান স্থপতি আশিক ইমরানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাতকালে মেয়র বলেন, প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি চট্টগ্রাম নগরকে আমরা ঘিঞ্জি নগর বানিয়ে ফেলেছি। সৌন্দর্য বর্দ্ধনের নামে মোড়ে মোড়ে সৌন্দর্য হানি ঘটিয়েছে। এ থেকে উত্তরণের জন্য স্থপতি ও নগর পরিকল্পনাবিদদের এগিয়ে আসার আহ্বান জানান মেয়র। প্রসঙ্গক্রমে তিনি বলেন, ঐতিহাসিক স্থান জালালাবাদ পাহাড়, ইউরোপীয় ইউনিয়ন ক্লাব,স্বাধীনতা যুদ্ধের প্রথম প্রহরে চট্টগ্রামের রেলওয়ে বাংলো থেকে প্রথম প্রতিরোধ যুদ্ধসহ অনেক ঐতিহাসিক স্থান সম্পর্কে বর্তমান প্রজন্ম কিছুই জানেনা। তাই এই ঐতিহাসিক স্থানগুলো সংরক্ষণ করে নতুন প্রজন্মকে জানানো আমাদের নৈতিক দায়িত্ব। তিনি আরও বলেন, এই নগরীতে ছেলে মেয়েরা খেলাধূলা করার বা চিত্ত বিনোদনের জন্য কোনো জায়গা নেই। তাদের জন্য সিটি কর্পোরেশনের খালি জায়গাগুলোতে পার্ক, খেলার মাঠ গড়ার পরিকল্পনার বিষয়টি সম্পর্কে স্থপতিদের জানান। মেয়র চট্টগ্রামে স্বাধীনতার স্তম্ভ নির্মাণে স্থপতি সহ সকলের সহযোগিতা কামনা করেন। আজ বুধবার বিকেলে টাইগারপাসস্থ চসিক মেয়র দপ্তরে ইনস্টিটিউট অব আর্কিটেক্টস চট্টগ্রাম কেন্দ্রের প্রতিনিধিদল মেয়রের সাথে সাক্ষাৎ করতে এলে মেয়র এসব কথা বলেন। এসময় চসিক এর ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতিরিক্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মোঃ হুমায়ুন কবির চৌধুরী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ কামরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী বিপ্লব কুমার দাস, আবু সিদ্দিক, স্থপতি আবদুল্লাহ আল ওমর, ইনস্টিটিউট অব আর্কিটেক্টস চট্টগ্রাম

কেন্দ্রের সাধারণ সম্পাদক স্থপতি ফজলে ইমরান রানা, স্থপতি আদর ইউসুফ, স্থপতি বিজয় তালুকদার, স্থপতি ইমরান বীন হোসেন, স্থপতি মঈনুল হাসান তুহিন, এস্টেইট অফিসার মোঃ কামরুল ইসলাম চৌধুরীসহ অন্যরা উপস্থিত ছিলেন। সাক্ষাতে ইনস্টিটিউট অব আর্কিটেক্টস নেতৃবৃন্দ মেয়রকে তাদের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা করবেন বলে জানান। সভার শুরুতে মেয়রকে ইনস্টিটিউট অব আর্কিটেক্ট নেতৃবৃন্দ মেয়রকে ক্রেস্ট ও ফুলেল শুভেচছা জানান।

সংবাদদাতা
স্বাক্ষরিত/-
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩